গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
প্রশাসন-১ শাখা
শেরে বাংলা নগর, ঢাকা
www.imed.gov.bd

বিষয়ঃ মন্ত্রণালয়/বিভাগের ২০২৪-২৫ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার অনুচ্ছেদ ২.১ অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের লক্ষ্যে আইএমই বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার হিসেবে বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)-এর কর্মকর্তাদের সমন্বয়ে ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি	:	ড.সুভাষ চন্দ্র বিশ্বাস, অতিরিক্ত সচিব (প্রশাসন) বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
তারিখ ও সময়	:	২৪ ডিসেম্বর ২০২৪, বেলা: ০৩: ৩০ টা
স্থান	:	বিভাগের সম্মেলন কক্ষ
সভার উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'

সভাপতি মহোদয় উপস্থিত কর্মকর্তাগণ-কে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান যে, এ বিভাগের ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনায় প্রাতিষ্ঠানিক সক্ষমতা অর্জনের বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে।

০২। **আলোচনা:**

২.১। সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিব) জানান যে, মন্ত্রণালয়/বিভাগের ২০২৪-২৫ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার অনুচ্ছেদ ২.১ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের লক্ষ্যে আইএমই বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার হিসেবে বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)-কর্মকর্তাদের সমন্বয়ে বিপিপিএ-এর সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ত্রৈমাসিক ভিত্তিতে সভার বিষয়টি উল্লেখ রয়েছে এবং তিনি ২০২৪-২৫ অর্থবছরের দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা উপস্থাপন করেন।

২.২। বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)-এর সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত প্রতিনিধি পরিচালক (উপসচিব) যে, সরকারি ক্রয়ের ক্ষেত্রে স্বচ্ছতা, দক্ষতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ, সরকারি ক্রয় সংক্রান্ত আইন যথাযথ বাস্তবায়ন, নিয়ন্ত্রণ এবং সরকারি ক্রয় ব্যবস্থাপনায় দক্ষতা বৃদ্ধি ও পেশাদারিত্ব সৃষ্টির লক্ষ্যে বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ) আইন, ২০২৩ পাশ হয়। বিপিপিএ এর নতুন জনবলের প্রস্তাব সংশ্লিষ্ট অর্গানোগ্রামটি বর্তমানে জনপ্রশাসন মন্ত্রণালয়ে রয়েছে। (বিপিপিএ) আইনটি অনুমোদনের মাধ্যমে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের আওতাধীন 'সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)'-কে বিলুপ্ত করে 'বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)' প্রতিষ্ঠিত হয়। সভায় তিনি আরো জানান যে, উদ্ভাবন, নৈতিকতা অনুশীলন এবং অর্থনৈতিক, সামাজিক ও পরিবেশগত বিষয় অন্তর্ভুক্তির মাধ্যমে স্বচ্ছ, টেকসই ও দক্ষ সরকারি ক্রয় ব্যবস্থা প্রতিষ্ঠিত করা বিপিপিএর ভিশন এবং সরকারি ক্রয়ের অধিকতর সংস্কার, স্বচ্ছতা, জবাবদিহিতা ও পেশাদারিত্ব নিশ্চিত করা, পাশাপশি উৎকর্ষতার সাথে জনসেবা প্রদান করা এই প্রতিষ্ঠানের মিশন। দ্রুত সময়ের মধ্যে বিপিপিএ-এর ওয়েবসাইট হালনাগাদপূর্বক নুতন করে সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা বক্স স্থাপন এর বিষয়টি আলোচনা করা হয়।

০৩। সভায় বিপিপিএ-এর প্রতিনিধি আরও জানান যে, (ক) বিপিপিএ-এর নাগরিক সেবা হিসেবে: পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর বিভিন্ন বিষয়ে ব্যাখ্যা/স্পষ্টীকরণ/ মতামত বিনামূল্যে প্রদান করা হয়। (খ) রিভিউ প্যানেলে আপীল এবং রিভিউ প্যানেলে উপস্থাপিত অভিযোগ নিষ্পত্তিকরণের জন্য নির্ধারিত হারে নিবন্ধন ফি প্রদানের মাধ্যমে সেবা প্রদান করা হয়। (গ) ই-জিপি ওয়েব পোর্টালে ঠিকাদার/পরামর্শক/সরবরাহকারীদের অন্তর্ভুক্তি জন্য রেজিস্ট্রেশন বাবদ ৫০০০/- টাকা ফি অন লাইনে নির্ধারিত ব্যাংকে জমাদান এর প্রেক্ষিতে সেবা প্রদান করা হয় এবং সেবা সমূহ নিয়মিত প্রদান করা হচ্ছে।

৩.১। বিপিপিএ-এর দাপ্তরিক সেবা হিসেবে: সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে মতামত, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ভিত্তিতে মতামত প্রদান করা হয়ে থাকে। তাছাড়া ই-জিপি ওয়েব পোর্টালে সরকারি বিভিন্ন ক্রয়কারী মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থার অন্তর্ভুক্তির জন্য মন্ত্রণালয়/বিভাগ হতে আবেদন এর প্রেক্ষিতে বিপিপিএ কর্তৃক ই-জিপি ওয়েব পোর্টালে অন্তর্ভুক্তির জন্য Admin Creation করা হয়। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থার কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির জন্য Public Procurement Management বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়। সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার অনুচ্ছেদ ১.১ অনুযায়ী ত্রৈমাসিকভিত্তিতে আইএমই বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা হিসেবে বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ) সেবা প্রদান প্রতিশ্রুতি গত ১৯/১২/২০২৪ তারিখে হালনাগাদপূর্বক ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। সভায় ২০২৪-২৫ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা অনুযায়ী গৃহীত সিদ্ধান্তসমূহ পরবর্তী সভায় বাস্তবায়নের ফলোআপ তুলে ধরার বিষয়ে সভায় আলোচনা হয়।

চলমান পাতা-

০৪। **সিদ্ধান্ত:**

৪.১ দ্রুততম সময়ের মধ্যে বিপিপিএ-এর ওয়েবসাইট হালনাগাদপূর্বক নতুন করে সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা বক্স স্থাপন করতে হবে।

৪.২ সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২৪-২৫ অনুচ্ছেদ ১.১ অনুযায়ী ত্রৈমাসিকভিত্তিতে নিজ দপ্তরের এবং আইএমই বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা হিসেবে বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ) সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪.৩ নাগরিক সেবা হিসেবে বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ) কর্তৃক বাস্তবায়িত রিভিউ প্যানেল আপীল, ই-জিপি ওয়েবপোর্টালে সরকারি বিভিন্ন ক্রয়কারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার অন্তর্ভুক্তির জন্য আবেদনের প্রেক্ষিতে শতভাগ সেবা প্রদান করতে হবে।

৪.৪ অনুচ্ছেদ ২.২ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে এ বিভাগের এবং বিপিপিএ কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতাবৃদ্ধির জন্য সেবা প্রদান সংক্রান্ত আইন-কানুন, বিধি-বিধান, চাকুরি বিধি এবং সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে কর্মপরিকল্পনা লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

৪.৫ দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর অনুচ্ছেদ ২.১ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী সেবা প্রদান বিষয়ে বিপিপিএ কর্তৃক স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করতে হবে।

৪.৬ ২০২৪-২৫ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা অনুযায়ী লক্ষ্যমাত্রা অনুযায়ী এর প্রমাণকসমূহ যথাযথভাবে সংরক্ষণ ও নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিকভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগের উদ্যোগে 'সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেম' (URL:nis.cabinet.gov.bd) অনলাইন সফটওয়্যারে এবং বিভাগের ওয়েবসাইটের সেবা বক্সে আপলোড করতে হবে।

৪.৭ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ পরবর্তী সভায় বাস্তবায়নের ফলোআপ তুলে ধরতে হবে।

০৫। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/১২/২৪

(ড.সুভাষ চন্দ্র বিশ্বাস)
অতিরিক্ত সচিব
ও
সভাপতি
সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ এবং বাস্তবায়ন কমিটি
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

স্মারক নং-২১.০০.০০০০.০০৩.০৫.০৩২.২৪- ৫২৬

তারিখ: ১৫ পৌষ ১৪৩১ / ৩০ ডিসেম্বর ২০২৪

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃআঃ-যুগ্মসচিব, সুশাসন অধিশাখা)।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, বিপিপিএ, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৩. জনাব মোঃ হারুন অর রশীদ, পরিচালক (উপসচিব), বিপিপিএ, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৪. জনাব লাবনী চাকমা, পরিচালক (উপসচিব), বিপিপিএ, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৫. জনাব নাজনীন সুলতানা, উপসচিব, প্রশা-০২ অধিশাখা, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ {**অনুচ্ছেদ ২.৩ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতাবৃদ্ধির জন্য প্রশিক্ষণ আয়োজনের জন্য অনুরোধ করা হলো**}।
৬. সচিবের একান্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. জনাব মোহাম্মদ রাফিদ শাহরিয়ার, সহকারী প্রোগ্রামার, সমন্বয় ও এমআইএস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৮. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ। (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩০/১২/২৪

(মোঃ আহসান হাবিব জিতু)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯১৮০৭০৭
ই-মেইল: sasadmin1@imed.gov.bd